তারিখ . . 12. APR. 2016... ...
পৃষ্ঠা ... ৬... কলাম.... ৪......

সংবাদ

# বর্ষবরণে ইলিশ নিষিদ্ধ রোকেয়া বিশ্ববিদ্যালয়ে

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

পহেলা বৈশাখে ইলিশ নিধন থেকে বিরত থাকার জন্য বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) বর্ষবরণ আয়োজনে, ইলিশ নিষিদ্ধ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গত রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের কর্মকর্তা মোহাম্মাদ আলী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বর্ষবরণ আয়োজনে ইলিশ নিষিদ্ধ করার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. একেএম নূর-উন-নবী বলেন, 'পহেলা বৈশাখের সঙ্গে ইলিশের কোন সম্পর্ক নেই। পহেলা বৈশাখে ইলিশ নয় বরং নুন-পান্তা-তেল-মরিচই উপযুক্ত খাবার। সঙ্গে ভর্তা বা ডিম ভাজিই যথেষ্ট হতে পারে। তাছাড়া ইলিশ প্রজননের এই সময়ে বাঙালি উৎসবের নামে ইলিশ উৎসব করা হলে সাগরে ইলিশের সংখ্যা কমে যাবে।